**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-08-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) গত কয়েক দিনের বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০-এ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আজ আগরতলায় অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় সবকয়টি রাজনৈতিক দল ঐক্যবদ্ধ হয়ে কাজ করার অঙ্গীকার করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন ।**

**(৪) কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডাভিয়া ২৯শে আগস্ট জাতীয় ক্রীড়া দিবস উদযাপনের জন্য দেশব্যাপী ক্রীড়ায় অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন ।**

********************************************

**Flood death :**

গত কয়েক দিনের বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০-এ। আজ আর কে পুরে জলে ডুবে ১৭ বছরের এক যুবকের মৃত্যু হয়। পুলিশ সদর দপ্তর সূত্রে প্রাপ্ত খবরে জানা যায় আজও আসাম আগরতলা জাতীয় সড়কে যান চলাচল বন্ধ রয়েছে। মুঙ্গিয়া কামি থানাধীন ৪৭ মাইল

এলাকায় রাস্তায় বড় ভাঙ্গনের ফলে যান চলাচল বন্ধ রয়েছে। তবে পণ্যবাহী লরিগুলি এবং অন্যান্য যানবাহন বিকল্প সড়ক দিয়ে চলাচল করছে বলে জানা যায়। অপরদিকে আগরতলা সাব্রুম এর মধ্যে ডেমো ট্রেন চলাচল আজও বন্ধ রয়েছে। গর্জি এলাকায় রেললাইনের ওপর থেকে মাটি সরানোর কাজ চলছে। এখনো সম্পূর্ণ পরিষ্কার করা হয়নি বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা যায়।

****************************

**All Party Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আজ আগরতলায় অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় সবকয়টি রাজনৈতিক দল ঐক্যবদ্ধ হয়ে কাজ করার অঙ্গীকার করেছে। তিনি বলেন, এই বৈঠকে বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা সার্বিকভাবে ফলপ্রসূ হয়েছে। সর্বদলীয় বৈঠকে বিভিন্ন দলের প্রতিনিধিরা পরিস্থিতি মোকাবেলায় কি উদ্যোগ গ্রহণ করা উচিত সে বিষয়ে সুচিন্তিত মতামত দিয়েছেন। তিনি আরো বলেন, বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় রাজ্য ও কেন্দ্রীয় সরকার একযোগে কাজ করেছে।

রাজ্যে বন্যায় এখন পর্যন্ত প্রায় ১৫ হাজার কোটি টাকার সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ত্রাণ শিবিরে আশ্রিতদের কাছে খাবার পৌঁছে দেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন বন্যায় এখন পর্যন্ত যাদের মৃত্যু হয়েছে তাদের প্রত্যেক পরিবারকে ৪ লক্ষ টাকা, আহতদের আড়াই লক্ষ টাকা করে রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক অনুদান দেওয়া হবে। সর্বদলীয় বৈঠকে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, সিপিআইএম রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা,

কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন, সিপিএম নেতা মানিক দে, রতন ভৌমিক, তিপ্রা মথা দলের বিধায়ক বৃষকেতু দেববর্মা সহ আইপিএফটি ও অন্যান্য দলের প্রতিনিধিরা।

***********************

**Khowai DM :**

ভয়াবহ বন্যায় খোয়াই জেলাতে সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হলেন মৎস্য চাষী এবং কৃষকরা। আজ খোয়াই এর জেলাশাসক চাঁদনী চন্দ্রন সাংবাদিক সম্মেলনে জানান, গোটা জেলায় সবকটি দপ্তর মিলিয়ে প্রাথমিক ক্ষতির পরিমাণ ৪০০ কোটি টাকার উপর। এর মধ্যে রয়েছে মৎস্য বিভাগে ১৮০ কোটি টাকা, কৃষি দপ্তরে ১০০ কোটি টাকা, উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরে ৭০ কোটি টাকা। এছাড়াও পূর্ত দপ্তর, বিদ্যুৎ দপ্তর সহ অন্যান্য দপ্তর গুলি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। জেলাশাসক জানিয়েছেন, বন্যায় পাঁচ হাজারের বেশি বাড়িঘরের ক্ষয়ক্ষতি হয়েছে। এখনো গোটা জেলায় ২৫টি শরণার্থী শিবির রয়েছে। এর মধ্যে খোয়াই মহকুমায় ৩টি এবং তেলিয়ামুড়া মহকুমায় ২২টি। এই শরণার্থী শিবিরগুলোতে এখনো এক হাজার পরিবার রয়েছে। তাদেরকে নিয়মিত পুষ্টিকর খাবার প্রদান করা হচ্ছে পাশাপাশি স্বাস্থ্য ও চিকিৎসা পরিষেবার ব্যবস্থাপনা রাখা হয়েছে।

******************************

**BJP Press Meet :**

প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক অমিত রক্ষিত বলেছেন বন্যা পরবর্তী পরিস্থিতিতে বিজেপি জনগণের পাশে থেকে কাজ করে যাবে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন দলের সকল নেতৃত্ব

ও কার্যকর্তাদের মানুষের কাছে পৌঁছে তাদের সমস্যাগুলি জানতে নির্দেশ দেওয়া হয়েছে। এই দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ায় তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেন। সম্মেলনে মুখ্য প্রবক্তা সুব্রত চক্রবর্তী, প্রাক্তন মন্ত্রী ভগবান দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

*************************

**NH 208 :**

সাম্প্রতিক প্রবল বর্ষণে ও ভূমিধ্বসে কুমারঘাট মহকুমার সানাইয়াপাড়া রিয়াংবস্তি এলাকায় ২০৮ নম্বর জাতীয় সড়কের বেশ কিছু অংশ ভেঙ্গে গেছে। কিছু অংশে ভূমিধ্বস পড়ার কারণে এই সড়কে বর্তমানে যান-চলাচল বন্ধ আছে। ফলে ঊনকোটি ও উত্তর ত্রিপুরার যানগুলিকে ঘুরপথে কমলপুর, আগরতলা যাতায়াত করতে হচ্ছে। তবে রাষ্ট্রায়ত্ত সংস্থা N.H.I.D.C.L এর তত্বাবধানে যুদ্ধকালীন তৎপরতায় সারাইএর কাজ চলছে। ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা'র নেতৃত্বে এক প্রশাসনিক প্রতিনিধিদল আজ দুপুরে সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সারাই এর কাজের অগ্রগতি সরজমিনে পর্যবেক্ষণ করেন। জেলা শাসক শ্রী চাকমা এক সাক্ষাৎকারে আকাশবাণীর ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে জানান, বর্তমানে এই জাতীয় সড়ক দিয়ে যানবাহন চলাচল করছে না। খুব শীঘ্রই এই সড়কটি সংস্কারের পর যান চলাচল স্বাভাবিক হবে।

************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১১৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**M. Mandabvya :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডাভিয়া ২৯শে আগস্ট জাতীয় ক্রীড়া দিবস উদযাপনের জন্য দেশব্যাপী ক্রীড়ায় অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন। শ্রী মান্ডভিয়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভারতকে একটি উপযুক্ত দেশ হিসেবে গড়ে তোলার স্বপ্ন পুনর্ব্যক্ত করেন। মন্ত্রী প্রধানমন্ত্রীর ফিট ইন্ডিয়া আন্দোলনকে এগিয়ে নেওয়ার তাৎপর্য তুলে ধরে জোর দিয়ে বলেন যে প্রত্যেক ভারতীয়র দায়িত্ব সুস্থ ও সক্রিয় থাকা। তিনি আরও বলেন যে জাতীয় ক্রীড়া দিবস কেবল আমাদের ক্রীড়া নায়কদের সম্মান করার সুযোগ নয় বরং খেলাধুলা কীভাবে আমাদের ভারসাম্যপূর্ণ স্বাস্থ্যকর জীবন বজায় রাখতে সহায়তা করতে পারে সেই বিষয়টি মনে করিয়ে দেয়।

*****************************

**MSME :**

বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল আজ বলেছেন যে MSME গুলি বড় শিল্পগুলিতে অত্যাবশ্যক সরবরাহ শৃঙ্খল এবং লক্ষ লক্ষ লোকের কর্মসংস্থানের মাধ্যমে দেশ গঠনে অবদান রাখে। নতুনদিল্লিতে দশম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল MSME স্টার্টআপ এক্সপো এবং শীর্ষ সম্মেলনের ভাষণে, শ্রী গোয়েল বলেন যে MSME গুলি বৃহৎ শিল্প এবং উদ্যোগগুলির জন্য সরবরাহকারী এবং গ্রাহক উভয় হিসেবেই কাজ করে। তিনি উল্লেখ করেন যে এমএসএমইগুলি দেশের পর্যটন এবং পরিকাঠামো উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং ভারতের রপ্তানিতে তাদের উল্লেখযোগ্য অংশ রয়েছে।

******************************

**Jitendra Choudhary :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুম মহকুমার বন্যাদূর্গত শংকরটিলা, পূর্ব টাক্কা এডিসি ভিলেজ ও কালাঢেপা এডিসি ভিলেজ এলাকা পরিদর্শন করেন। তিনি বিভিন্ন বাড়িঘরে ও শংকরটিলা স্কুলের আশ্রয় শিবিরে গিয়ে ক্ষতিগ্রস্ত মানুষদের সঙ্গে কথা বলেন। শংকরটিলা স্কুলের আশ্রয় শিবিরে প্রশাসন থেকে কোন ধরনের সহায়তা করা হয়নি বলে মানুষের অভিযোগ শুনেই তিনি বিষয়টি দক্ষিণ জেলার জেলা শাসককে অবহিত করেন। গতকালও তিনি সাব্রুমের ছোটখিল, কলাছড়া, হরিনা, বৈষ্ণবপুর গাংফিরা ও থাইবং এলাকার বন্যা পরিস্থিতি দেখতে যান। গতকালও আশ্রয় শিবিরগুলিতে পানীয় জল খাওয়ার অপ্রতুলতা রয়েছে বলে মানুষ বিরোধী দলনেতার কাছে অভিযোগ করলে তিনি সঙ্গে সঙ্গেই এই সমস্যা দূর করতে দক্ষিণ জেলার জেলা শাসক ও সাব্রুম মহকুমা শাসকের সঙ্গে কথা বলেন।

*****************************

**Review Meeting-South :**

শান্তিরবাজার মহকুমার বন্যা পরিস্থিতি পর্যালোচনা করতে আজ মহকুমা শাসকের অফিসে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিধায়ক প্রমোদ রিয়াং, বিদায়ী মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, নতুন মহকুমা শাসক মনোজ কুমার সাহা উপস্থিত ছিলেন। বিভিন্ন দপ্তরের আধিকারিকরা বৈঠকে ক্ষয়ক্ষতির খতিয়ান তুলে ধরেন। তাছাড়া আগামীদিনে বন্যা মোকাবেলার সম্ভাব্য সব দিকগুলি নিয়ে আলোচনা হয়। আজ খাদ্য দপ্তরের উদ্যোগে শান্তিরবাজার মহকুমার কলসী বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখার অভিযান চালিয়ে দোকানীদের সতর্ক করা হয়।

*****************************

**CPIM-Belonia :**

বিধায়ক দীপংকর সেন ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্তের নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল বিলোনীয়া মহকুমার ভারতচন্দ্র নগর ব্লকের শংকর মঠ তৈছামা সহ বেশ কয়েকটি স্থানে বন্যায় ক্ষতিগ্রস্থ বাড়িঘরগুলি দেখেন। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির লোকজনের সঙ্গেও কথা বলেন। ভারত চন্দ্র নগর ব্লকের বিডিও কাবেরী নাথের সঙ্গে কথা বলে ব্লক এলাকার আশ্রয় শিবিরগুলিতে নিয়মিত খাবার সরবরাহ করা, চিকিৎসার জন্য ঔষধের ব্যবস্হা করা, দুর্গত পরিবারগুলির জন্য আপাতত থাকার ঘর তৈরী করে দেওয়া, কৃষি ও অন্যান্যভাবে ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়ার দাবি জানান।

****************************

**PM–JANMAN :**

ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের নির্দেশ মেনে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা P.M–JANMAN বিশেষ প্রচারাভিযান ঊনকোটি জেলাতে শুরু হয়েছে। দেশের ১৯৪টি জেলার সংগে ঊনকোটি জেলাতেও আদিম ও বিশেষভাবে দুর্বল জনগোষ্ঠীভুক্ত পরিবারের কাছে সরকারী সুবিধা পৌঁছে দিতে এই বিশেষ উদ্যোগ। ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ কৈলাসহরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, আগামী দশ–ই সেপ্টেম্বর পর্যন্ত জেলায় কুড়িটি বিশেষ শিবির করে সরকারি সুযোগ সুবিধাভোগীদের দেওয়া হবে। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে আদিম ও বিশেষভাবে দুর্বল জনগোষ্ঠীভুক্ত জনসংখ্যা ১১ হাজার ৯৯১। সাংবাদিক সম্মেলনে ঊনকোটি জেলার বরিষ্ঠ উপ–সমাহর্তা বিজয় সিনহা, জেলা কল্যাণ আধিকারিক ডেভিড হালাম প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**CPIM–Relief :**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকারের নেতৃত্বে সিপিআইএম নেতৃবৃন্দ ও কর্মীরা আজ আগরতলার দক্ষিণ চন্দ্রপুরে বন্যা দুর্গত এলাকায় বাড়িঘর, রাস্তা ও ড্রেনগুলোতে ব্লিচিং পাউডার ছড়িয়ে দেন। প্রতিটি ঘরে ত্রাণ সামগ্রী ও ওষুধ বন্টন করেন। এই কাজে প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সরকারের সঙ্গে ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে, সিপিএম নেতা অমল চক্রবর্তী, সঞ্জয় দাস, দীপাঞ্জন সরকার প্রমুখ।

****************************

**Health Camp :**

রামকৃষ্ণ মিশনের উদ্যোগে আজ প্রতাপগড় ইংলিশ মিডিয়াম স্কুলে ত্রাণ শিবিরে শরণার্থীদের চিকিৎসা ব্যবস্থা ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, রামকৃষ্ণ মিশনের মহারাজ সহ অন্যান্যরা। মেয়র বলেন বন্যা পরবর্তী সময়ে সংক্রামক রোগের প্রাদুর্ভাব রোধে বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার এবং প্রয়োজন হলে শরণার্থী শিবির গুলিতে মধ্যে মেডিকেল টিম নিয়োজিত করা হবে।

আজ হিন্দি স্কুলেও পি ডুব্লিউ কর্মচারীদের উদ্যোগে স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার ও পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার।

******************************

**Barpathari-Football :**

আজ বড়পাথরী দ্বাদশ স্কুল মাঠে সোনাপুর ব্লাড মাউথ ক্লাব আয়োজিত ভুলন মজুমদার স্মৃতি নক আউট ফুটবল টুর্নামেন্টের প্রথম রাউন্ডের তৃতীয় ম্যাচে কুকিবাড়ী একাদশ এডিসি রিয়াং পাড়াকে পরাজিত করে। মোট ২৮ টি দল অংশ নিয়েছে এই টুর্নামেন্টে।

***************************

**IMD :**

ভারতের আবহাওয়া দপ্তর আগামীকাল গুজরাট অঞ্চল, পশ্চিম মধ্যপ্রদেশ, ত্রিপুরা এবং মিজোরামের বিচ্ছিন্ন জায়গায় অত্যন্ত ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া দপ্তর কোঙ্কন, গোয়া, মধ্য মহারাষ্ট্র, ঝাড়খণ্ড, ওড়িশা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, মেঘালয় এবং পূর্ব রাজস্থানে খুব ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া বিভাগ এই সপ্তাহে অরুণাচল প্রদেশ ও সিকিমেও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ, উত্তর, গোমতী, এবং ধলাই জেলার দু একটি জায়গায় অতি বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া অন্যান্য জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

****************************